

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক: ৩২.০১.০০০০.০০৩.০১.০৩৩.২১-২৪০৬

তারিখ: ০৮/০৬/২০২৩ খ্রি:

বিষয়: কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে মাঠ পর্যায়ে অডিট আপত্তির জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রের স্মারক নং: ৮২.২২.০০০০.০০৪.২২.০০১.২১.৫৩৮-১ তারিখ: ১৩/০৪/২০২৩ খ্রি:

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নামীন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে ২০২১-২০২২ অর্থ বছরে অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে। উক্ত অডিট কার্যক্রম সম্পন্ন করেন মহাপরিচালকের কার্যালয়, সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (৯ম তলা) সেগুনবাগিচা, ঢাকা-১০০০। সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরে নিরীক্ষাকালে মাঠ পর্যায়ে অডিট আপত্তি প্রদান করেছেন। নিম্নোক্ত অডিট আপত্তিসমূহ দেওয়া হল:

১। নাস্তা বরাদ্দ পত্রে ৯ নং শর্তে উল্লেখ রয়েছে “সংশ্লিষ্ট জেলার ফিল্ড সুপারভাইজারগণ তাদের দায়িত্বাধীন স্ব স্ব ক্লাবে নাস্তার বরাদ্দ সুষ্ঠুভাবে বন্টনের বিষয়টি তদারক পূর্বক উপপরিচালক (সংশ্লিষ্ট জেলা) এর মাধ্যমে প্রকল্প প্রধান কার্যালয়ে বিষয়টি নিশ্চিত করবে।” কিন্তু ফিল্ড সুপারভাইজারগণ প্রধান কার্যালয়কে কোন ধরনের নাস্তার বরাদ্দ সুষ্ঠুভাবে বন্টনের বিষয়টি তদারক পূর্বক উপপরিচালক (সংশ্লিষ্ট জেলা) এর মাধ্যমে প্রকল্প প্রধান কার্যালয়ে নিশ্চিত করেননি। এই বিষয়ে অডিট আপত্তি প্রদান করেন।

২। মাঠ পর্যায়ে প্রকল্প হতে ২০২১-২০২২ অর্থ বছরে ১৫ টি বই প্রত্যেক ক্লাবে সরবরাহ করা হয়েছে। কিন্তু কোন প্রাপ্তি স্বীকার পত্র প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা হয়নি। এই বিষয়ে অডিট আপত্তি প্রদান করেন।

৩। ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থ বছরে ক্লাব কো-অর্ডিনেটরদের সম্মানী হতে আয়কর কর্তনের প্রমাণক না পাওয়ায় অডিট টিম আপত্তি প্রদান করেন।

৪। ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থ বছরে ক্লাব কো-অর্ডিনেটরদের যে সম্মানী ভাতা প্রদান করা হয়েছে তার কোন প্রমাণক না থাকায় অডিট টিম আপত্তি প্রদান করেন।

এমতাবস্থায়, আগামী ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে নাস্তার বরাদ্দ পত্রে ৯ নং শর্ত অনুযায়ী ফিল্ড সুপারভাইজারগণ ২০২১-২০২২ অর্থ বছরের সুষ্ঠুভাবে বন্টনের বিষয়টি উপপরিচালক (সংশ্লিষ্ট জেলা) এর মাধ্যমে প্রকল্প প্রধান কার্যালয়ে অবহিত করবেন; প্রত্যেক উপজেলা হতে ২০২১-২০২২ অর্থ বছরে প্রেরিত ১৫ টি বইয়ের প্রাপ্তি স্বীকার পত্র প্রেরণ এবং ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থ বছরে ক্লাব কো-অর্ডিনেটরদের আয়কর কর্তন পূর্বক যে সম্মানী ভাতা প্রদান করা হয়েছে তার প্রমাণক (কো-অর্ডিনেটর যে স্বাক্ষরের মাধ্যমে সম্মানী ভাতা গ্রহণ করেছে) প্রকল্প পরিচালক বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য প্রত্যেক আপত্তির জবাব (প্রমাণকসহ) ও সত্যায়িত করে ০৪ (চার) কপি ডাকযোগে প্রেরণের জন্য বলা হল।

উপ পরিচালক (সংশ্লিষ্ট সকল জেলা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল উপজেলা)

মে: তরিকুল আলম

অতিরিক্ত সচিব

প্রকল্প পরিচালক (অ:দা)

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

০১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

০২। ফিল্ড সুপারভাইজার, কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প।

০৩। অফিস কপি।